

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/৭৩(ক-৩)/০৬(অংশ-১)/১০২২৫/৭

তারিখ : ২৬/০৮/১৪২৬ বঙ্গাব্দ  
৭/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : নাটোর জেলার লালপুর উপজেলাধীন মোহরকয়া ডিগ্রি কলেজের জনাব উৎপল কুমার সরকার, প্রভাষক-ইংরেজি এর এম.পি.ও ভুক্তি।


সূত্র : (১) স্মারক নং-মো.ডি.ক/২১/১৯ তারিখ : ২৩/০৫/২০১৯ খ্রি.

(২) স্মারক নং ইউজিসি/বে:বি:/২৮৯/বিবিধ/২০০২/পাট-১/৬৪১৩ তারিখ : ৩১.০৭.২০১৯

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার লালপুর উপজেলাধীন মোহরকয়া ডিগ্রি কলেজটি ডিগ্রি কোডে এম.পি.ও ভুক্ত। জনবল কাঠামো মোতাবেক ইংরেজি বিষয়ের ২টি পদ। প্রতিষ্ঠানের ইংরেজি বিষয়ের শিক্ষক জনাব মো: রেজাউল করিম ২১.০৫.২০১৮ তারিখে মৃত্যুবরণ করায় ১টি পদ শূন্য হয়। ইংরেজি বিষয়ে ৩য় শিক্ষক হিসেবে নিয়োগকৃত জনাব উৎপল কুমার সরকারকে শূন্যপদে সমন্বয় করে এম.পি.ও ভুক্তির জন্য অনলাইনে আবেদন করেন। জনাব উৎপল কুমার সরকার দি-পিপলস ইউনিভারসিটি অব বাংলাদেশ থেকে বি.এ(সম্মান) ও এম.এ(ইংরেজি) ডিগ্রি অর্জন করেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ওয়েব পেইজে দি-পিপলস ইউনিভারসিটি অব বাংলাদেশ সম্পর্কে ২ রেড স্টার থাকায় আবেদনটি রিজেক্ট করে রাজশাহী আঞ্চলিক কার্যালয় থেকে মাউশির নির্দেশনা চাওয়া হয়।

মাউশি অধিদপ্তরের স্মারক নং ৭জি/৮-৭৩(ক-৩)/০৬(অংশ-১)/২৬১৫ তারিখ : ৯/০৭/২০১৯ খ্রি. মোতাবেক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ওয়েব পেইজে দি-পিপলস ইউনিভারসিটি অব বাংলাদেশ সম্পর্কে ২ রেড স্টার থাকায় পাবলিক বিশ্ববিদ্যালয়ের সনদের সাথে দি-পিপলস ইউনিভারসিটি অব বাংলাদেশ থেকে অর্জিত বি.এ(সম্মান) ও এম.এ(ইংরেজি) সনদের সমমান কিনা এ বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মতামত চাওয়া হয়। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন স্মারক নং : ইউজিসি/বে:বি:/২৮৯/বিবিধ/ ২০০২/পাট-১/৬৪১৩ তারিখ : ৩১/০৭/২০১৯ মোতাবেক জানান যে, দি-পিপলস ইউনিভারসিটি অব বাংলাদেশ এর বি.এ(সম্মান) ইন ইংরেজি প্রোগ্রাম ২৪/০৬/২০০২ তারিখ হতে এবং এম.এ ইন ইংরেজি ২২/০৬/২০০৪ তারিখ হতে কমিশন কর্তৃক শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদন দেয়া হয়। বর্তমানে অত্র বিশ্ববিদ্যালয়ের নামের পাশে কোন তারকা চিহ্ন(\*) নাই।

নাটোর জেলার লালপুর উপজেলাধীন মোহরকয়া ডিগ্রি কলেজের ইংরেজি বিষয়ের শূন্যপদে নিয়োগকৃত জনাব উৎপল কুমার সরকার এর নিয়োগ অন্যান্য সকল শর্তাদি যথাযথ থাকলে এবং পদ শূন্য থাকলে এম.পি.ও ভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

রাজশাহী অঞ্চল, রাজশাহী।

বিতরণ:

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ০২। সভাপতি, গভর্নিং বডি, মোহরকয়া ডিগ্রি কলেজ, লালপুর, রাজশাহী;
- ০৩। জেলা শিক্ষা অফিসারম, নাটোর;
- ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালপুর, নাটোর;
- ০৫। অধ্যক্ষ, মোহরকয়া ডিগ্রি কলেজ, লালপুর, রাজশাহী;
- ০৬। সংরক্ষণ নথি।